**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**20 NOVEMBER 2024** **7:35 AM IST**

==============================================================

আসামে আগামী বছরের ফেব্রুয়ারি মাসে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হবে । আজ বিকেলে দিসপুরে অনুষ্ঠিত রাজ্য মন্ত্রীসভার বৈঠকের শেষে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা একথা ঘোষণা করেন। তিনি বলেন যে- রাজ্যে পঞ্চায়েত নির্বাচনের ভোটার তালিক প্রস্তুতির কাজ চলছে । এবং আগামী ৩০শে ডিসেম্বরের মধ্যে ভোটার তালিকা প্রকাশ হয়ে গেলে ফেব্রুয়ারির প্রথম সপ্তাহের মধ্যে নির্বাচন অনুষ্ঠিত হবে । এই নির্বাচন দুটি পর্যায়ে অনুষ্ঠিত হবে । সমগ্র নির্বাচনী প্রক্রিয়া আগামী দশই ফেব্রুয়ারির মধ্যে সম্পূর্ণ করা হবে বলে ডঃ শর্মা প্রকাশ করেন । পঞ্চায়েত নির্বাচনের জন্য আগামী জানুয়ারি মাসে আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করা হবে ।

এছাড়া প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে ফেব্রুয়ারি আসামে আসবেন বলেও মুখ্যমন্ত্রী আজ জানিয়েছেন ।

---

করিমগঞ্জ জেলার নাম পরিবর্তন করে শ্রীভূমি করা হচ্ছে । দিসপুরে আজ আয়োজিত সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা রাজ্য মন্ত্রীসভার আজ অনুষ্ঠিত বৈঠকের বেশকয়েকটি সিদ্ধান্তের বিষয়ে ঘোষণা করে একথা জানান । পরে সামাজিক মাধ্যমেও মুখ্যমন্ত্রী বলেন যে- কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর করিমগঞ্জ

জেলাকে শ্রীভূমি বলে বর্ণনা করেছিলেন । শ্রীভূমি- অর্থাৎ মা লক্ষ্মীর ভূমি। আজ আসাম মন্ত্রীসভার এই সিদ্ধান্তের ফলে জনসাধারণের দীর্ঘদিনের দাবী পূরণ হয়েছে বলে তিনি মন্তব্য করেছেন ।

ডঃ শর্মা আরো বলেন যে- আসামের বহু গ্রাম এবং অঞ্চলের নামও পর্যায়ক্রমে পরিবর্তন করা হবে ।

এছাড়া রাজ্যে দেশ বিদেশ থেকে অধিক অর্থ বিনিয়োগকে আকর্ষিত করা ও পরিকাঠামো উন্নয়নের জন্য আগামী ২৪ শে ফেব্রুয়ারি আসাম বিনিয়োগ ও পরিকাঠামো মেলার আয়োজন করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে এই বিনিয়োগ মেলায় আমন্ত্রণ জানানো হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

---

এদিকে করিমগঞ্জ জেলার নাম শ্রীভূমি করার সিদ্ধান্তের পর জেলার বিভিন্ন স্থানে আনন্দ প্রকাশ পরিলক্ষিত হচ্ছে করিমগঞ্জ জেলা যুব মোর্চার কর্মীরা এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন করে। জেলা যুব মোর্চা জেলায় বসবাসরত জনসাধারণের দীর্ঘদিনের দাবী মেনে নেওয়ার জন্য রাজ্য ও কেন্দ্র সরকারকে ধন্যবাদ জ্ঞাপন করেছে ।

---

মহারাষ্ট্র ও ঝারখন্ড রাজ্য বিধানসভা নির্বাচনের ভোটগ্রহণ আজ সকালে শুরু হয়েছে ।মহারাষ্ট্রে মোট ৪ হাজার ১৩৬ জন ও ঝারখন্ডে ৫২৮ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ হবে ।মহারাষ্ট্রের ২৮৮ টি বিধানসভা আসনে ও ঝারখন্ড বিধানসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ে আজ ১২ টি জেলার ৩৮ টি আসনে ভোট গ্রহণ করা হচ্ছে ।

কেন্দ্রীয় সরকার সংসদের শীতকালীন অধিবেশনের পূর্বে ২৪ শে নভেম্বর এক সর্বদলীয় বৈঠক আহ্বান করেছে ।বৈঠকে শীতকালীন অধিবেশনের সময় লোকসভা ও রাজ্যসভার কাজকর্ম সুষ্ঠুভাবে চালিয়ে নিয়ে যেতে সব রাজনৈতিক দলের সহযোগিতা কামনা করা হবে ।উল্লেখ্য সংসদের শীতকালীন অধিবেশন আগামী ২৫ শে নভেম্বর থেকে ২০ শে ডিসেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হবে ।

---

চলতি বছরের বিগত সেপ্টেম্বর মাসের মধ্যে প্রায় একুশ লক্ষ কর্মচারী রাজ্য বীমা প্রকল্পের আওতায় নাম অর্ন্তভুক্ত করেছেন । কর্মচারী রাজ্য বীমা নিগমের পক্ষ থেকে প্রকাশ করা বিজ্ঞপ্তি অনুযায়ী বিগত সেপ্টেম্বর মাসের মধ্যে কুড়ি লক্ষ ৫৮ হাজার নতুন কর্মচারী নতুন করে নাম পঞ্জীয়ন করেছেন । গত বছরের তুলনায় এইবছরে পঞ্জীয়ন করা কর্মচারীর সংখ্যা নয় শতাংশ বৃদ্ধি পেয়েছে । নতুন করে পঞ্জীয়ন করা কর্মচারীদের মধ্যে দশ লক্ষেরও বেশি কর্মচারীর বয়স ২৫ বছর । এদিকে তিন লক্ষ ৯১ হাজার মহিলা কর্মচারী এই প্রকল্পের অধীনে নাম পঞ্জীয়ন করেছেন । এছাড়া ৬৪ জন তৃতীয় লিঙ্গের কর্মচারীও নাম পঞ্জীয়ন করেছেন বলে রাজ্য বীমা নিগম সূত্রে জানানো হয়েছে ।

---

কাটাখাল নদীতে অবৈধভাবে বালু খনন বন্ধ করতে হাইলাকান্দি বন বিভাগ এক জোরদার অভিযান শুরু করেছে । পাঁচগ্রাম রেঞ্জ অফিস ও আদরকোনা বিট অফিসের নেতৃত্বে পরিচালিত বন সুরক্ষা বাহিনী  ও বিশেষ কমান্ডো দলের সহযোগীতায় আলগাপুর থানার অর্ন্তগত মোহনপুর অঞ্চলে বন

বিভাগের এই অভিযান চালানো হয় । অভিযানের সময় কাটাখাল নদীর ১১ টি অবৈধ ঘাট সম্পূর্নভাবে ধ্বংস করা হয় । বন বিভাগ অবৈধ বালু খনন সম্পর্কিত তথ্য লাভ করার পর এই বিশাল বাহিনী নিয়ে অভিযান চালিয়ে ঘাটগুলোকে  ধ্বংস করে দেয় ।

---

আসাম পুলিশের সঞ্চালক প্রধান জি পি সিংয়ের পক্ষ থেকে সিভিল সার্ভিস প্রত্যাশীদের জন্য পাঠানো কিছু মূল্যবান বই আজ রাধামাধব কলেজের কর্তৃপক্ষের হাতে তুলে দিয়েছেন কাছাড়ের পুলিশ সুপার নোমাল মাহাতো ও অতিরিক্ত পুলিশ সুপার সুব্রত সেন । তারা আজ ঐ কলেজে এসে কলেজ অধ্যক্ষ ডঃ দেবাশিত রায় এবং কলেজের লাইব্রেরিয়ান ডঃ সোনালী চৌধুরীর হাতে বইগুলি তুলে দেন । কলেজের পক্ষ থেকে এই বইগুলি দিয়ে কলেজের ছাত্রছাত্রীরা অনেকাংশে উপকৃত হবে বলে আশা প্রকাশ করা হয়েছে ।

---